

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ (ইউসিবি)

ব্রাহ্মণবাড়িয়া শাখা, ব্রাহ্মণবাড়িয়া।

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ব্রাহ্মণবাড়িয়া শাখা, ব্রাহ্মণবাড়িয়া এর ঋণগ্রহীতা মেসার্স জান্নাত ফ্যাশন এর প্রোঃ-জনাব মোঃ আতিকুর রহমান ভূঞা, পিতা-মৃত আবদুল মোতালিব ভূঞা, মাতা-মৃত জাহেরা বেগম, ব্যবসায়িক ঠিকানা-৮ ও ৯, পৌর আধুনিক সুপার মার্কেট, ব্রাহ্মণবাড়িয়া, বর্তমান ও স্থায়ী ঠিকানা-৭৭৫/১, কাজীপাড়া, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, উপজেলা ও জেলা: ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ব্রাহ্মণবাড়িয়া শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে (১) মোঃ জহিরুল হক ভূঞা, (২) মোঃ সোলেমান ভূঞা, (৩) মোঃ নাসির উদ্দিন ভূঞা সর্বপিতা মৃত আবদুল মোতালিব ভূঞা, মাতা-মৃত জাহেরা বেগম এবং (৪) ইফতেখার আলম ভূঞা, পিতা-মৃত আলমগীর ভূঞা (১-৪) সর্ব স্থায়ী ঠিকানা-গ্রাম: খাড়েরা, কসবা, ব্রাহ্মণবাড়িয়া, বর্তমান ঠিকানা-৩৭৬, উত্তর মৌড়াইল, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, উপজেলা ও জেলা: ব্রাহ্মণবাড়িয়া কর্তৃক নিযুক্তীয় আম-মোক্তার ঋণগ্রহীতা মোঃ আতিকুর রহমান ভূঞা কর্তৃক নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২৪/১২/২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট টাকা ২,৮১,৪২,১২৩.৩৬ (দুই কোটি একাশি লক্ষ বিয়াল্লিশ হাজার একশত তেইশ টাকা ছত্রিশ পয়সা) মাত্র সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল

- ১। জেলা ও থানা-ব্রাহ্মণবাড়িয়া, সাব-রেজিস্ট্রি অফিস-ব্রাহ্মণবাড়িয়া সদর, মৌজা-পুনয়াউট, জে.এল. নং-২৭০, নতুন-৭০, খতিয়ান নং-সি.এস. ৫২, এস.এ. ৫৭, ডি.পি. ৩৭, মিউটেশন খতিয়ান নং-৫৭/১, প্লট নং-সি.এস. ৫২, এস.এ. ৫২, ডি.পি. ৮১, ৮৩, মোট জমির পরিমাণ ৬.০০ শতাংশ ও তদুপরিস্থিত স্থাপনাদি যাহার চৌহদ্দীঃ উত্তরে-আবদুল বাছির, দক্ষিণে-বালু সরকার, পূর্বে-আবদুল মজিদ মিয়া ও অন্যান্য এবং পশ্চিমে-ইউনুস মিয়া।
- ২। জেলা-ব্রাহ্মণবাড়িয়া, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-ব্রাহ্মণবাড়িয়া, মৌজা-পাতাইরহাতা, জে.এল. নং-৩৯৩, হাল-২৮৬, খতিয়ান নং-সি.এস. ১৫৪/১, আর.এস. ১৭৫, ডি.পি. ১৫, মিউটেশন-১০১/১/১, সি.এস. প্লট নং-৭৫, আর.এস. প্লট নং-৭৫, ডি.পি., প্লট নং-১৪৬, মোট জমির পরিমাণ ২৫.০০ শতাংশ নালা যাহার চৌহদ্দীঃ উত্তরে-জুরু মিয়া, দক্ষিণে-মুখলেসুর রহমান, পূর্বে-আবদুল আলীম এবং পশ্চিমে-খেলু মিয়া।
- ৩। জেলা-ব্রাহ্মণবাড়িয়া, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস-ব্রাহ্মণবাড়িয়া, মৌজা-পাতাইরহাতা, জে.এল. নং-৩৯৩, হাল-২৮৬, খতিয়ান নং-সি.এস. ৯৭, ১০২, আর.এস. ৯৮, ১০৯, ডি.পি. ১৮৭, ৯২, ১৭২, মিউটেশন-১০১/১/১, সি.এস. প্লট নং-৭৭, ৭৮, আর.এস. প্লট নং-৭৭, ৭৮, ডি.পি., প্লট নং-১৫২, ১৫৩, ১৫৪, মোট জমির পরিমাণ ৬৬.০০ শতাংশ নালা যাহার চৌহদ্দীঃ উত্তরে-জুরু মিয়া, দক্ষিণে-দুলাল খান, পূর্বে-সি এন্ড বি রোড এবং পশ্চিমে-বন্দে আলী।

নিলামের শর্তাবলী :-

- ১। আগামী ২৩/০৭/২০১৯ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ব্রাহ্মণবাড়িয়া শাখা এ রক্ষিত বাস্তব সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- ২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ব্রাহ্মণবাড়িয়া শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিষ্কার বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, ব্রাঞ্চবাড়িয়া শাখা, ব্রাঞ্চবাড়িয়া।